# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫২. ফকীহগণের ইখতিলাফ বা মতবিরোধ

بَابُ اخْتِلَافِ الْفُقَهَاءِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ حُمَيْدٍ قَالَ قِيلَ لِعُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ لَوْ جَمَعْتَ النَّاسَ عَلَى شَيْءٍ فَقَالَ مَا يَسُرُّنِي أَنَّهُمْ لَمْ يَخْتَلِفُوا قَالَ ثُمَّ كَتَبَ إِلَى الْآفَاقِ وَإِلَى الْأَمْصَارِ لِيَقْضِ كُلُّ قَوْمٍ بِمَا اجْتَمَعَ عَلَيْهِ فُقَهَاؤُهُمْ

إسناده صحيح

বাংলা

৬৫০. হামীদ বলেন, আমি উমার ইবনু আব্দুল আযীয রাহি.কে বললাম, (কতই না উত্তম হতো), আপনি যদি লোকদেরকে একটি বিষয়ের উপর একত্রিত করে দিতেন! তখন তিনি বললেন: আমি এতে আনন্দিত হতাম না যে, তারা মতবিরোধ করবে না। তিনি বলেন: তারপর তিনি দিক-দিগন্তে (চতুর্দিকে) লিখে পাঠালেন যে, প্রত্যেক গোত্রের ফকীহগণের ঐকমত্য অনুযায়ী যেন তাদের মাঝে বিচার-ফায়সালা করা হয়।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমি এ শব্দে এটি আর কোথাও পাইনি। ”মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয় সাল্লামের সাথীরা মতবিরোধ না করলে সেটিই আমাকে আনন্দিত করতো না।” এ অংশটুকু বর্ণনা করেছেন খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাককিহ নং ৭৪৩ (হাসান সনদে),৭৪৫ যয়ীফের নিকটবর্তী সনদে।...

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হামীদ বিন আবী হামীদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন